



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৫৮/২০১৬/৯৯৬০৬

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
০৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

ছোট মনিকা ফাজিল মাদরাসা, ডাকঘর: ছোট মনিকা, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা-এর ফাজিল স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২২ খ্রি: তারিখ থেকে ২৬.০৪.২০২৬ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

#### শর্তসমূহঃ

১. উপাধ্যক্ষসহ সকল শূন্যপদে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. শ্রেণিকক্ষের জন্য প্রয়োজনীয় হোয়াইট বোর্ডসহ অন্যান্য সরঞ্জাম ক্রয় করতে হবে।
৩. একাডেমিক কমিটি গঠন করে শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৪. কর পরিশোধ বিহীন সকল জমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
৫. মাদরাসায় ইন্টারনেট সংযোগ স্থাপন করে অফিস সহকারী কাম হিসাব সহকারী এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর প্রশিক্ষণের ব্যবস্থা করে কম্পিউটার চালনায় দক্ষ হিসেবে গড়ে তুলতে হবে।
৬. লাইব্রেরি কক্ষে বিষয়ভিত্তিক আরো বই ক্রয় করে তা ব্যবহারে শিক্ষার্থীদের উদ্ধৃদ্ধ করতে হবে।
৭. অর্থ কমিটি গঠন করতে হবে এবং আয়-ব্যয় হিসাব গভর্ণিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৮. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৯. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের নির্দেশক্রমে

*Dmd 09.03.2023*

ড. জাভেদ আহমাদ  
সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

#### অধ্যক্ষ

ছোট মনিকা ফাজিল মাদরাসা

ডাকঘর: ছোট মনিকা, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৫৮/২০১৬/৯৯৬০৬

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
০৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

#### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ছোট মনিকা ফাজিল মাদরাসা, ডাকঘর: ছোট মনিকা, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা।
৭. অফিস নথি।

*Shirina*  
09.03.2023

শিরিনা আক্তার  
সেকশন অফিসার  
মাদরাসা পরিদর্শন দফতর  
মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬